**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-07–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Election:**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আজ মনোয়নপত্র গুলো পরীক্ষা করে দেখা হবে । গতকাল ছিল মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন । মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২ শে জুলাই । আগামী ৮ই আগস্ট ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন ভোট গ্রহণ করা হবে । ভোট গণনা করা হবে আগামী ১২ ই আগস্ট।

**************

**Nomination :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী গতকাল আকাশবাণী আগরতলার প্রতিনিধিকে জানান, রাজ্যে সুষ্ঠু অবাধ, শান্তিপূর্ণভাবে নির্বাচন করার ব্যাপারে সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে । কমিশনের পক্ষ থেকে রাজ্য পুলিশকে চল্লিশ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার জন্য বলা হয়েছে বলে তিনি জানান।

**************

**Panchayat Election-H.C :**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্যে গতকাল উচ্চ আদালত রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে। এই বিষয়ে বিশিষ্ট আইনজীবি পুরুষোত্তম রায় বর্মন জানান, পঞ্চায়েত নির্বাচনে অনলাইনে মনোনয়ন জমা নেওয়া, মনোনয়ন দাখিলের সময়সীমা বৃদ্ধি সহ বিরোধী দলের প্রার্থীদের নিরাপত্তা দেওয়ার দাবিতে সিপিআইএম এবং কংগ্রেসের পক্ষ থেকে আলাদা দুটি মামলা করা হয় হাইকোর্টে। গতকাল বিচারপতি অরিন্দম লোধ এবং বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থের ডিভিশন বেঞ্চ দুটি মামলায় একসঙ্গে শুনানির পর রায় ঘোষণা করেন। আইনজীবী শ্রী রায় বর্মন জানান, হাইকোর্ট মনোনয়ন জমা দেওয়ার সময় বৃদ্ধির এবং অনলাইনে মনোনয়ন জমা করা আবেদনটি হাইকোর্ট খারিজ করেছে। তবে পঞ্চায়েত নির্বাচনকে ঘিরে আইন শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার জন্য হাইকোর্টের পক্ষ থেকে রাজ্য সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে।

***************

**BJP Nomination Submission :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের জন্য গতকাল বিজেপি মনোনীত প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র দাখিল করেন। তার আগে একটি মিছিল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন থেকে শুরু হয়ে পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ের সামনে শেষ হয়। মিছিলে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য কার্যকর্তারা। মিছিল শেষে প্রার্থীরা নির্বাচনী

আধিকারিক তথা পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডঃ বিশাল কুমারের হাতে মনোনয়নপত্র তুলে দেন।

******************

**Bjp Nomination, Jolaibari :**

গতকাল জোলাইবাড়ি ব্লকের বিডিও- র কাছে মনোনয়ন দাখিল করেন বিজেপির জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির প্রার্থীরা। মনোনয়ন পত্র দাখিল করার সময় সময় সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া সহ স্হানীয় বিজেপি নেতারা উপস্থিত ছিলেন।

************

**AICC MEMBERs MEET WITH GOVERNOR:**

জাতীয় কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল রাজভবনে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দল রাজ্যপালের কাছে রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ সুষ্ঠ ও শান্তিপূর্ণ ভাবে সম্পাদনের জন্য উদ্যোগ গ্রহনের অনুরোধ করেন। লোকসভার উপ বিরোধী দলনেতা গৌরব গগই পরে সংবাদ মাধ্যমের কাছে জানান, বর্তমানে রাজ্যে নির্বাচনের কোন পরিস্থিতি নেই বলে রাজ্যপালকে ।অবহিত করা হয়েছে। প্রতিনিধি দলে ছিলেন, লোকসভার উপ বিরোধী দলনেতা গৌরব গগই, লোক সভার সাংসদ তারিখ আনোয়ার, এ আই সি সি ত্রিপুরা ইনচার্জ গিরিষ চোদনকর, সর্ব ভারতীয় কংগ্রেস কমিটির সম্পাদিকা জারিতা লাইতফ্লাং, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন।

*******************

**Essential Commodities :**

খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী গতকাল জানিয়েছেন, রাজ্যে নিত্য প্রয়োজনীয় সামগ্রী মূল্য নিয়ন্ত্রনে রাখার ব্যাপারে রাজ্য সরকার তদারকি করছে। আলু ও পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে রাখতে সরকারের উদ্যোগে আগরতলা শহরের ১৩টি বাজারে সুলভ মূল্যের কাউন্টার খোলা হয়েছে। এই কাউন্টারগুলিতে আলু ৩৩ টাকা প্রতি কিলো ও পেঁয়াজ ৪২ টাকা প্রতি কিলো দরে বিক্রি করা হচ্ছে। আজ  উদয়পুর প্রাইমারী মার্কেটিং কোওপারেটিভ সোসাইটির উদ্যোগে উদয়পুরেও আলু পেঁয়াজের একটি কাউন্টার চালু করা হবে বলে তিনি জানান।

*****************

**ALL Tripura Blind Association:**

ALL Tripura Blind Association এর উদ্যোগে গতকাল আগরতলার মহারানীর তুলসীবতী  বালিকা বিদ্যালয়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্ম জয়ন্তী উদযাপন করা হয় । অনুষ্ঠানের উদ্বোধন করেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী । এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায় । তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য্য সমাজ কল্যাণ সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন দাস । অনুষ্ঠানে দৃষ্টিহীন শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন । ALL Tripura Blind Association এর পক্ষ থেকে এই সংবাদ জানানো হয় ।

**************

**ফ্লাডলাইট**:

আগামী ২৩ জুলাই সন্ধ্যা ছয়টায় উমাকান্ত মিনি স্টেডিয়ামের ফ্লাড লাইটের উদ্বোধন হবে। উদ্বোধন করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাকে। রাজ্য ফুটবল সংস্থার সচিব অমিত চৌধুরী জানান ফ্লাড লাইটের উদ্বোধনের মধ্য দিয়ে ত্রিপুরার ফুটবলের পরিকাঠামোতে নতুন মাত্রা যোগ হবে। এদিকে, তৃতীয় ডিভিশন লিগ ফুটবলের প্লে অফ ম্যাচও হবে আগামী ২৩শে জুলাই। ওই দিন সন্ধ্যে সাড়ে ছয়টায় উমাকান্ত মিনি স্টেডিয়ামের ফ্লাড লাইটে হবে ম্যাচটি। এতে মুখোমুখি হবে সরোজ সংঘ এবং ঐকতান যুব সংস্থা। দু'দলই গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে প্লে অফে খেলার ছাড়পত্র অর্জন করেছে। প্লে অফ ম্যাচের মাধ্যমে নির্ধারণ হবে কোন দল আসরে খেতাব পাবে।

*************

**দ্বিতীয় ডিভিশন**:

ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলের উদ্বোধনী ম্যাচে আজ স্কাইলার্ক ক্লাব খেলবে এন এস আর সি সি-র বিরুদ্ধে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকেল সাড়ে তিনটায় ম্যাচটি শুরু হবে। এর আগে আসরের উদ্বোধন করবেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। বলে কিক দিয়ে প্রতিযোগিতার সূচনা করবেন প্রাক্তন ফুটবলার তথা রেফারি বিশ্বজিৎ সাহা।

*************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ অংশত মেঘলা থাকবে ।বজ্র বিদ্যুত সহ দু এক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে ।আজ ভোর পর্যন্ত আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৪২.২ মিলিমিটার । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রী সেলসিয়াস । সিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রীর কাছাকাছি ।

**************

***********